

## বশেমুরবিপ্রবিপিতে প্রথম ধাপে ১৫১ শিক্ষার্থী ভর্তি

পিরোজপুর সংবাদদাতা || রাইজিংবিডি.কম

প্রকাশিত: ১৬:৩৬, ৯ জুন ২০২৪ আপডেট: ১৬:৩৭, ৯ জুন ২০২৪



পিরোজপুর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (বশেমুরবিপ্রবিপি) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে প্রথম ধাপে ১৫১ জন শিক্ষার্থী ভর্তি নিশ্চিত করেছে।

গুচ্ছভুক্ত দেশের ২৪টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি (জিএসটি) বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি নিশ্চিতের প্রথম ধাপের শেষদিন শনিবার (৮ জুন) পর্যন্ত এসব শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়টিতে তাদের ভর্তি নিশ্চিত করে।

রোববার (৯ জুন) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, এখন গুচ্ছভুক্ত ২৪টি বিশ্ববিদ্যালয় এবং বিভাগসমূহের মধ্যে প্রথম ধাপে ভর্তি নিশ্চিত করা শিক্ষার্থীদের মাইগ্রেশন হবে। এরপর তাদের চূড়ান্ত ভর্তি সম্পন্ন হবে।

প্রসঙ্গত, ২০২২ সালে পিরোজপুরে প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়টি ২০২৩-২৪ শিক্ষাবর্ষ থেকে দুই অনুষদের অধীনে চারটি বিভাগে শিক্ষা কার্যক্রম শুরু করতে যাচ্ছে। প্রকৌশল ও প্রযুক্তি অনুষদভুক্ত কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং বিজ্ঞান অনুষদভুক্ত গণিত, মনোবিজ্ঞান ও পরিসংখ্যান-

এ চারটি বিভাগে মোট আসন সংখ্যা ১৬০টি। মোট আসনের বিপরীতে প্রথম ধাপে ৯৪ দশমিক ৩৭ শতাংশ শিক্ষার্থী ভর্তি হয়েছে।

দেশের নতুন চারটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ভর্তির জন্য পিরোজপুরের এ বিশ্ববিদ্যালয়টিতে সর্বোচ্চ সংখ্যক আবেদন পড়েছিল।